ই - সংবাদ

।। প্রেস রিলিজ - তথ্য ও সংস্কৃতি দপ্তর - ত্রিপুরা সরকার -১৭/০৫/২০১৭ ।। ১

ধলাই জেলা কো-অর্ডিনেশন ও মনিটোরিং কমিটির সভা অনুষ্ঠিত

আমবাসা, ১৮ মে ।। ধলাই জেলা প্রশাসনের উদ্যোগে গতকাল জেলা শাসক কার্যালয়ের সভাগৃহে জেলা ভিত্তিক কো-অর্ডিনেশন এবং মনিটোরিং কমিটির এক সভা অনুষ্ঠিত হয় । সাংসদ জীতেন্দ্র চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় জিলা পরিষদের সভাধিপতি পরিমল চন্দ্র দাস, বিধায়ক ললিত কুমার দেববর্মা, আমবাসা, সালেমা ও দুর্গাচৌমুহনী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যানগণ, মনু বি এ সি-র চেয়ারম্যান, অতিরিক্ত জেলা শাসক সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন । সাংসদ জীতেন্দ্র চৌধুরী প্রধানমন্ত্রী গ্রাম সড়ক যোজনার কাজ কর্মের অগ্রগতির পর্যালোচনা করে যোগাযোগের ব্যবস্থাকে আরও সুদৃঢ় করে তোলার জন্য পূর্ত দপ্তরের আধিকারিকদের নির্দেশ দেন। গৃহ নির্মাণের কাজকে আরো দ্রুততার সাথে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরকে পরামর্শ দেন । শিক্ষা ও স্বাস্থ্য পরিষেবার উন্নয়নেও তিনি গুরুত্বারোপ করেন । সাংসদ শ্রী চৌধুরী স্বচ্ছ ভারত মিশন (গ্রামীণ) এর কাজকর্মের অগ্রগতি পর্যালোচনা করে গ্রামীণ এলাকার হাট-বাজারগুলি পরিস্কার পরিচ্ছন্ন রাখার লক্ষ্যে কমিটি গঠন করার জন্য পরামর্শ দেন । বিভিন্ন সামাজিক ভাতা প্রদানের বিষয়েও তিনি আলোচনা করেন । সভায় সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিক জানান, ধলাই জেলায় ৩৭ হাজার ২০ জন দুঃস্থ মানুষকে বিভিন্ন প্রকল্পে সামাজিক ভাতা দেওয়া হচ্ছে । স্বচ্ছ ভারত মিশন প্রকল্পের জেলা আধিকারিক জানান, ২০১৬-১৭ অর্থবছরে জেলার বিভিন্ন ব্লক এলাকায় ২২,১৯৬টি পাকা শৌচালয় নির্মাণ করে দেওয়া হয়েছে । জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক জানান, গত অর্থবছরে জেলায় ৫,৬৭১টি স্বাস্থ্য শিবিরের মাধ্যমে ১ লক্ষ ৫ হাজার ৪০৩ জনের স্বাস্থ্য পরীক্ষা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয় ।

মুকাভিনয় বিষয়ক কর্মশালার সমাপ্তি

উদয়পুর, ১৮ মে ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় লিটন ড্রামা সংস্থার ব্যবস্থাপনায় ৫ দিন ব্যাপী মুকাভিনয় কর্মশালা গতকাল শেষ হয়েছে । উদয়পুর টাউনহলে অনুষ্ঠিত সমাপ্তি অনুষ্ঠানে প্রশিক্ষণপ্রাপ্ত ২০ জন শিল্পী তাদের মুকাভিনয় পরিবেশন করেন । অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক বাসুদেব মজুমদার, দক্ষিণ জিলা পরিষদের সভাধিপতি হিমাংশু রায়, মুকাভিনয় কর্মশালার প্রশিক্ষক (কলকাতা)রতন চক্রবর্তী প্রমুখ ।

সিপাহীজলা জেলা ভিত্তিক স্কিল মেলা অনুষ্ঠিত

বিশ্রামগঞ্জ, ১৮ মে ।। বিশ্রামগঞ্জ মাল্টিপারপাস হল প্রাঙ্গণে গত ১৬ মে সিপাহীজলা জেলা ভিত্তিক স্কিল মেলা - ২০১৭ অনুষ্ঠিত হয় । ডাইরেক্টরেট অব স্কিল ডেভেলপমেন্ট, ত্রিপুরা স্কিল ডেভেলপমেন্ট মিশন এবং জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক নারায়ণ চৌধুরী । অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক রমেন্দ্র নারায়ণ দেববর্মা, সিপাহীজলা জিলা পরিষদের সহকারী সভাধিপতি কমল রাণী শীল, ত্রিপুরা স্কিল ডেভেলপমেন্ট মিশনের উপদেষ্টা কমিটির চেয়ারম্যান ড. এস কে পান্ডা, টি আর এল এম এর আধিকারিক অরূপ রতন শর্মা, স্কিল ডেভেলপমেন্ট মিশনের অধিকর্তা এস প্রভু প্রমুখ । স্বাগত ভাষণ দেন জেলা শাসক প্রদীপ কুমার চক্রবর্তী এবং সভাপতিত্ব করেন জিলা পরিষদের সভাধিপতি ফকরউদ্দিন আহমেদ । উদ্বোধকের ভাষণে বিধায়ক নারায়ণ চৌধুরী রাজ্যের প্রতিটি জেলা, মহকুমা, ব্লক এবং পঞ্চায়েত স্তরে দক্ষতার উন্নয়নে গুরুত্বারোপ করেন । অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক রমেন্দ্র নারায়ণ দেববর্মা সহ অন্যান্য অতিথিগণ । মেলায় বিভিন্ন দপ্তর এবং এজেন্সী থেকে ১৪টি ষ্টল খোলা হয় । ঐদিন বিভিন্ন এজেন্সী এবং বেকার যুবক যুবতীদের মধ্যে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয় ।

তেলিয়ামুড়ায় বাদ্য যন্ত্র ও লনড্রীর সামগ্রী বিতরণ

তেলিয়ামুড়া, ১৮ মে ।। এক অনুষ্ঠানের মধ্য দিয়ে তথ্য ও সংস্কৃতি দপ্তর থেকে গতকাল তেলিয়ামুড়া ব্লকের ৪টি লোকরঞ্জন শাখাকে বিভিন্ন বাদ্যযন্ত্র দেওয়া হয় । এছাড়া, ব্লক থেকে ৬ জন সুবিধাভোগীকে লনড্রীর সামগ্রী এবং ১৫ জনকে বিভিন্ন বাদ্যযন্ত্র দেওয়া হয় । তেলিয়ামুড়া ব্লকের সভাকক্ষে আয়োজিত এই অনুষ্ঠানে সমবায় মন্ত্রী খগেন্দ্র জমাতিয়া, বিধায়ক গৌরী দাস, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অমরেশ চৌধুরী এবং বি এ সি-র চেয়ারম্যান দয়ামতী দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন । অনুষ্ঠানের অতিথিগণ সুবিধাভোগীদের হাতে বাদ্যযন্ত্র এবং লনড্রীর সামগ্রীগুলি তুলে দেন। স্বাগত ভাষণ দেন মহকুমা তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক । সভাপতিত্ব করেন পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান সঞ্জীত কুমার দাস।

রক্তদানে পরিবারের সদস্যদেরও উৎসাহিত করুন ঃ মুখ্যমন্ত্রী

আগরতলা, ১৭মে ।। নিজেই শুধু রক্তদান করা নয়, পরিবারের সদস্যদেরও রক্তদানে সামিল করার আহ্বান জানিয়েছেন মুখ্যমন্ত্রী মানিক সরকার । আজ সকালে টেরেসা ডায়াগনস্টিক সেন্টারে রক্তদান শিবির এবং অত্যাধুনিক সিটি স্ক্যান মেশিনের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী মানিক সরকার একথা বলেন । অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অধ্যাপক মিহির দেব। মুখ্যমন্ত্রী মানিক সরকার বলেন, রাজ্যে চাহিদার ৯৭ শতাংশ রক্ত স্বেচ্ছা রক্তদানের মাধ্যমে সংগৃহীত হচ্ছে । এখনো তিন ভাগ ঘাটতি রয়েছে । সাতানব্বুই ভাগ রক্ত সাফল্যকে সংহত করে তিন ভাগ ঘাটতি পূরণে উদ্যোগী হতে হবে । ঘাটতি পূরণের জন্য নিজের পরিবারের অন্যান্য সদস্য এবং অন্যদেরও উৎসাহিত করতে হবে । মুখ্যমন্ত্রী বলেন, দেশের অনেক রাজ্যে এমনকি অনেক দেশেও স্বেচ্ছা রক্তদানের কোন ব্যবস্থা নেই। এক্ষেত্রে রেডক্রস, রেডক্রিসেন্ট প্রভৃতি সংগঠনগুলো পৃথিবীর নানা দেশ থেকে রক্ত সংগ্রহ করে বিপন্ন মানুষদের সাহায্য করে । এই কাজে ত্রিপুরা এবং ত্রিপুরার রক্তদাতারাও সামিল হতে পারেন । এজন্য রক্তদানে আরও বেশী করে মানুষকে সামিল করতে হবে । মুখ্যমন্ত্রী আশা প্রকাশ করেন টেরেসা ডায়াগনস্টিক সেন্টার ভবিষ্যৎ দিনে রক্তদানের পাশাপাশি দেহদান চক্ষুদানেরও আয়োজন করবে । বক্তব্য রাখেন ভলান্টারি ব্লাড ডোনার্স এসোসিয়েশনের সভাপতি চন্দন সরকার ।

ডলুবাড়ীতে রক্তদান শিবির অনুষ্ঠিত

আমবাসা, ১৭ মে ।। ডলুবাড়ীর রিক্রিয়েশন ক্লাব প্রাঙ্গণে গতকাল রক্তদান শিবির অনুষ্ঠিত হয় । এই শিবিরের উদ্বোধন করে আমবাসা পুর পরিষদের চেয়ারপার্সন চন্দন ভৌমিক রক্তদান শিবিরের উদ্দেশ্যে ও গুরুত্ব সম্পর্কে আলোচনা করেন । অন্যান্যদের মধ্যে আলোচনায় অংশ নেন মহকুমা শাসক মুক্তিপদ পাল, সমাজ সেবী পংকজ চক্রবর্তী, মহকুমা পুলিশ আধিকারিক প্রণব দেবনাথ প্রমুখ । সভাপতিত্ব করেন আমবাসা পুর পরিষদের সদস্যা সুপ্রিয়া সাহা(রায়) । শিবিরে ২১ জন স্বেচ্ছায় রক্তদান করেন । উল্লেখ্য, ডলুবাড়ীর ক্যাসিফিক ক্যাটারার স্ব-সহায়ক দলের উদ্যোগে এই রক্তদান শিবিরের আয়োজন করা হয় । স্বাগত ভাষণ দেন সংশ্লিষ্ট স্ব-সহায়ক দলের সম্পাদক প্রভাকর চক্রবর্তী ।

ত্রিপুরা বনধ ঃ অফিস খোলা থাকবে

আগরতলা, ১৭মে ।। ত্রিপুরা সরকারের সাধারণ প্রশাসন দপ্তর থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে, ১৮মে একটি রাজনৈতিক দলের ডাকা ত্রিপুরা বনধের দিন রাজ্য সরকার ও সরকারের অধীনস্থ সংস্থার সমস্ত কার্যালয় খোলা থাকবে । সরকারী এবং এসব কার্যালয়ে কর্মরত কর্মচারীদেরও এদিন নিয়ম মাফিক কর্মক্ষেত্রে তাদের দায়িত্ব পালন করতে হবে । যদি কোন সরকারী কর্মচারী বা এ জাতীয় সংস্থায় কর্মরত কর্মচারী এই নির্দেশ ভঙ্গ করেন তাহলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে ।

উচ্চতর মাধ্যমিক পরীক্ষার বিজ্ঞান বিভাগের ফলাফল ২০মে

আগরতলা, ১৭মে ।। ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০১৭ সালের উচ্চতর মাধ্যমিক পরীক্ষার বিজ্ঞান বিভাগ-এর ফলাফল আগামী ২০মে, ২০১৭(শনিবার) সকাল ৯টায় পর্ষদের মিলনায়তনে এক সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রকাশিত হবে।

পরীক্ষার্থীরা অন্যান্য বছরের মত এবারও নিম্নলিখিত website এবং SMS এর মাধ্যমে সকাল ৯টা ৪৫ মিনিট থেকে পরীক্ষার ফল জানতে পারবে । website - www.tbse.in, www.tripura.nic.in,www.tripurainfo.com,www.exametc.com, www.indiatoday.in, www.examresults.net, Tripurainfo Call Centre - 2380566/ 2410039/ 2413946/ 2410156/ 2410160/ 2410165/ 2410172/ 2410173/ 2410174/ 2410176 .

এস এম এস সার্ভিস ঃ- উচ্চতর মাধ্যমিক বিজ্ঞান বিভাগ-এর পরীক্ষার ফলাফল জানতে আপনার ফোন থেকে টাইপ করুন TBSE12 এরপর space দিয়ে Roll No. Type করে BSNL / অন্য যে কোন মোবাইল থেকে ৭৭৩৮ ২৯৯৮৯৯ অথবা ৫৪২৪২ এই নম্বরে পাঠাতে হবে ।

বিদ্যালয় প্রধানগণকে বা তাদের মনোনীত প্রতিনিধিগণকে ২০মে, ২০১৭ তারিখ পূর্বজ্ঞাপিত স্থান থেকে পূর্বঘোষিত সময় অনুযায়ী মার্কসিট এবং সার্টিফিকেট সংগ্রহ করে নিতে ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদের এক বিজ্ঞপ্তিতে অনুরোধ জানানো হয়েছে ।

আগরতলায় ডায়ালাইসিস সেন্টারের উদ্বোধন ১৯ মে

আগরতলা, ১৭ মে ।। ভারতবর্ষে অসংক্রামক রোগ যেমন হৃদরোগ, বহুমূত্র, ক্যান্সার , বৃক্ক ও শ্বাসজনিত রোগীর সংখ্যা দিন দিন বেড়ে চলেছে। এমনকি মৃত্যুর হারও বাড়ছে।এই সব রোগ যত তাড়াতাড়ি সম্ভব নির্ণয় ও চিকিৎসা করা অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। তাই অতিসত্বর এই রোগ নির্ণয় করতে অন্যান্য রাজ্যের মতো ত্রিপুরাতেও এন সি ডি ক্লিনিক খোলা হচ্ছে।রাজ্যের বিভিন্ন স্বাস্থ্যকেন্দ্রে ৪০ টি এই ধরনের এন সি ডি ক্লিনিক খোলা হবে।

কিডনি রোগে আক্রান্ত ব্যক্তিদের ডায়ালাইসিস পরিষেবা পৌঁছে দিতে রাজ্যসরকার আন্তরিকভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছে। প্রধানমন্ত্রী জাতীয় ডায়ালাইসিস কার্যক্রমের আওতায় রাজ্যে ইন্দিরা গান্ধী মেমোরিয়াল হাসপাতালসহ আরও ৪ টি জেলা হাসপাতালে কিডনি ডায়ালাইসিস সেন্টার প্রতিস্থাপন করা হবে। ২০১৭ সালের ১৯ জানুয়ারী এ বিষয়ে **স্বাস্থ্য দপ্তর ও জাতীয় স্বাস্থ্য মিশন, ত্রিপুরার সঙ্গে পশ্চিমবঙ্গের** ‘এসকেগ সঞ্জিবনী প্রাইভেট লিমিটেড’ এর একটি মৌ স্বাক্ষর হয়েছে। পাবলিক প্রাইভেট পার্টনারশিপ মডেলে ১৯ মে, ২০১৭ ত্রিপুরায় এই পরিষেবা ইন্দিরা গান্ধী মেমোরিয়াল হাসপাতালে চালু হবে ।

এ বছরের মধ্যে শান্তিরবাজার জেলা হাসপাতাল, ধর্মনগর জেলা হাসপাতাল এবং কুলাই জেলা হাসপাতালে ডায়ালাইসিস সেন্টারের কাজ শেষ হবে। এ রাজ্যে বি পি এল ভুক্ত রোগীরা নিখরচায় এই পরিষেবা পাবেন। ইন্দিরা গান্ধী মেমোরিয়াল হাসপাতালে দিন-রাত (২৪x ৭) রোগীরা এই ডায়ালাইসিস সেন্টারের পরিষেবা পাবেন ।

আগরতলা ডায়ালাইসিস সেন্টার ও এন সি ডি ক্লিনিকটি টি বি এসোসিয়েশন হল এবং আই জি এম হাসপাতালে ১৯ মে, ২০১৭ আনুষ্ঠানিক উদ্বোধন করবেন রাজ্যের স্বাস্থ্য মন্ত্রী বাদল চৌধুরী।

কমলাসাগরের উরাং পাড়ায় প্রশাসনিক শিবির অনুষ্ঠিত

বিশালগড়, ১৭মে ।। বিশালগড় মহকুমা প্রশাসনের উদ্যোগে গতকাল কমলাসাগর পঞ্চায়েতের উরাং পাড়া জে বি স্কুলে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে বিশালগড় মহকুমা শাসক নান্টুরঞ্জন দাস সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন এবং সংশ্লিষ্ট এলাকার বিভিন্ন সুবিধা অসুবিধা নিয়ে জনগণের সাথে মত বিনিময় সভা করেন । সভায় সভাপতিত্ব করেন উল্লিখিত পঞ্চায়েতের প্রধান মালতী উরাং।

শিবিরে মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ১২১ জনকে এস টি সার্টিফিকেট এবং ৩২টি বিবাহ নিবন্ধীকরণ সার্টিফিকেট দেয়া হয় । স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে শিবিরে ১৬ জন গর্ভবতী মা ও শিশুকে টিকাকরণ করা হয় এবং ২০ জনকে চিকিৎসা করে প্রয়োজনীয় অষুধ দেয়া হয় । প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকেও ১২২টি গবাদি পশুপাখির বিভিন্ন রোগ প্রতিরোধক অষুধ দেয়া হয় ।

This document was created using SmartPDF converter. To remove this message purchase the product at www.SmartPDFCreator.com